বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন
Bangladesh Petroleum Corporation

সূত্র: ২৮.০৩.০০০০.০২৩.৩৭.০১৪.২৪./৮৫৯/২৫ তারিখ: ২০/০১/২০২৫ খ্রি:

**বিষয়: জেট এ-১ (এভিয়েশন ফুয়েল) ও ফার্নেস অয়েল এর বিক্রয় মূল্য নির্ধারণ।**

সূত্র: জ্বাখসবি এর স্মারক নং-২৮.০০.০০০০.০২৬.৩৫.০০১.১৮.৫৭৪, তারিখ: ১৫.০৯.২০২৪।

উপর্যুক্ত বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) এর মাধ্যমে জেট ফুয়েল ও ফার্নেস অয়েলের মূল্য নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে। ইতোপূর্বে বিপিসি কর্তৃক সাধারণত আন্তর্জাতিক বাজারের সাথে সামঞ্জস্য রেখে জেট এ-১ এর মূল্য প্রতি মাসে এবং ফার্নেস অয়েলের মূল্য প্রতি ৩ মাস অন্তর বা প্রয়োজন অনুসারে নির্ধারণ করা হতো।

০২। এমতাবস্থায়, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা মোতাবেক বিমান বাংলাদেশ এয়ারলাইন্সসহ দেশী/বিদেশী এয়ারলাইন্সসমূহের উড়োজাহাজের আন্তর্জাতিক ফ্লাইটের জন্য ডিউটি ফ্রি (শুল্ক ও মুসকমুক্ত), অভ্যন্তরীণ ফ্লাইটের জন্য শুল্ক ও মুসকযুক্ত জেট এ-১ (এভিয়েশন ফুয়েল) এবং দেশের অভ্যন্তরে ফার্নেস অয়েল এর মূল্য নির্ধারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সংক্রান্ত সারসংক্ষেপসহ প্রেরণ করা হলো।

20.01.25
(মোঃ আমিন উল আহসান)
চেয়ারম্যান (সচিব), বিপিসি

সংযুক্তি: বর্ণনামতে।

চেয়ারম্যান
বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন
কারওয়ান বাজার, ঢাকা।

অনুলিপি:
সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

| বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন | |
|---|---|
| ডাইরি নং: ৪৭২ | তারিখ: ২২/২/২৫ |
| সদস্য (প্রশাসন ও অর্থ/আইন) | ১। নথিতে উপস্থাপন করুন |
| সদস্য (গ্যাস) | ২। পত্রীক্ষান্তে মতামতসহ পেশ করুন |
| সদস্য (বিদ্যুৎ) | ৩। এ সম্পর্কে একটি প্রতিবেদন পেশ করুন |
| সদস্য (পেট্রোলিয়াম) | ৪। Please attend |
| সচিব, বিইআরসি | |
| একান্ত সচিব | |
| চেয়ারম্যান | |

DD (T)

22.02.2025

AD (Tariff-1)

Head Office: BSC Bhaban, Saltgola Road, P. O. Box No.2050, Chittagong-4100, Bangladesh. Tel: 031-726207, PABX: 88-031-716336-37, Fax: 88-031-720147
Dhaka Liaison Office: Jamuna Bhaban, 2 Kawran Bazar Commercial Area, Dhaka-1215, Bangladesh.
Tel: 02-8189556, 02-8189558, Fax: 02-8189557, E-Mail: chairman_ bpc@yahoo.com

৩০

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
চট্টগ্রাম।

বিষয়: জেট এ-১ (এভিয়েশন ফুয়েল) ও ফার্নেস অয়েল এর বিক্রয় মূল্য নির্ধারণ সংক্রান্ত সারসংক্ষেপ।

সরকার স্মারক নং-২৮.০০.০০০০.০২৬.৩৫.০০১.১৮.৫৭৪, তারিখ: ১৫.০৯.২০২৪ মূলে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) এর মাধ্যমে জেট ফুয়েল ও ফার্নেস অয়েলের মূল্য নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে (সংলগ্নী-১)। ইতোপূর্বে বিপিসি কর্তৃক সাধারণত জেট ফুয়েলের মূল্য প্রতি মাসে এবং ফার্নেস অয়েলের মূল্য প্রতি ৩ মাস অন্তর বা প্রয়োজন অনুসারে নির্ধারণ করা হতো।

জেট এ১:

২। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর পক্ষে পদ্মা অয়েল কোম্পানী লিঃ (পিওসিএল) দেশের সকল আন্তর্জাতিক বিমান বন্দর ও অভ্যন্তরীণ বিমানবন্দরে দেশী-বিদেশী বিভিন্ন এয়ারলাইন্সসমূহের উড়োজাহাজে নিরবচ্ছিন্নভাবে জ্বালানি তেল (জেট এ-১) সরবরাহ করে আসছে। সাধারণত জেট এ-১ এর মূল্য নিম্নোক্ত দু'ভাবে নির্ধারণ করা হয়ে থাকে:

ক) আন্তর্জাতিক ফ্লাইটের জন্য ডিউটি ফ্রি (শুল্ক ও মূসকমুক্ত) বিক্রয়মূল্য; এবং

খ) অভ্যন্তরীণ ফ্লাইটের জন্য ডিউটি পেইড (শুল্ক ও মূসকসহ) বিক্রয়মূল্য

৩। দেশে সরবরাহকৃত জেট এ-১ এর প্রায় ৯০% আন্তর্জাতিক ফ্লাইটে এবং ১০% অভ্যন্তরীণ ফ্লাইটে ব্যবহার হয়ে থাকে। পিওসিএল দেশের পাঁচটি বিমান বন্দর যথা: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ঢাকা, হযরত শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর চট্টগ্রাম, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর সিলেট, যশোর বিমানবন্দর ও কক্সবাজার বিমানবন্দরের মাধ্যমে প্রযোজ্য ক্ষেত্রে অভ্যন্তরীণ ফ্লাইটে ও আন্তর্জাতিক ফ্লাইটে জেট এ-১ সরবরাহ করে থাকে।

৪। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনামতে (সংলগ্নী-২) বিপিসি কর্তৃক আন্তর্জাতিক বাজারের সাথে সামঞ্জস্য রেখে প্রত্যেক মাসে আমদানি মূল্য ও আনুসাঙ্গিক ব্যয়ের ভিত্তিতে দেশের অভ্যন্তরে জেট এ-১ এর মূল্য নির্ধারণ করা হতো।

৫। জেট এ-১ এর মূল্য নির্ধারনের ক্ষেত্রে পুর্ববর্তী মাসে জেট এ-১ এর গড় আন্তর্জাতিক বাজার দর (Platts) কে ভিত্তি হিসেবে বিবেচনা করা হয়। আন্তর্জাতিক বাজার থেকে জেট এ-১ আমদানির ক্ষেত্রে বিপিসিকে প্ল্যাটস অনুযায়ী জেট এ-১ এর মূল্য, প্রিমিয়াম, ডিউটি, ভ্যাট, এটি, এআইটি, নদী শুল্ক, হ্যান্ডলিং কমিশন, এলসি কমিশন, সার্ভে ফি ইত্যাদি পরিশোধ করতে হয়। এছাড়াও জেট এ-১ এর স্টোরেজ চার্জ, অপারেশন লস, ডিপো পরিবহন খরচ, ডিপো ট্রানজিট লস, ফাইন্যান্সিং চার্জ, এডমিনিস্ট্রেটিভ খরচ, উন্নয়ন তহবিল, বিপণন কোম্পানির কমিশন, বিমানবন্দর খরচ এবং ব্যবসায়ী পর্যায় মূসক অন্তর্ভুক্ত হয়। এ সমস্ত খরচ অন্তর্ভুক্ত করে অভ্যন্তরীণ ফ্লাইটের জন্য জেট ফুয়েলের মূল্য নির্ধারণ করা হয়। তবে আন্তর্জাতিক ফ্লাইটে জেট ফুয়েল শুল্ক-করাদি মুক্ত বিধায় ডিউটি, ভ্যাট, এটি, এআইটি, ব্যবসায়ী পর্যায় মূসক বাদ দিয়ে আন্তর্জাতিক ফ্লাইটের জন্য জেট ফুয়েলের মূল্য নির্ধারণ করা হয় (জেট ফুয়েল এর বিস্তারিত প্রাইসিং ফর্মুলা সংলগ্নী-৩)

৬। উল্লেখ্য, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্মারক নং-২৮.০০.০০০০.০২৬.৪০.০২৩.১৮-১৭১,তারিখ: ২৯/০৭/২০১৯ এ সংযুক্ত কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান বিবেচনায় দ্বিপাক্ষিক চুক্তির আওতায় জাতীয় পতাকাবাহী বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর জন্য নির্ধারিত ফর্মুলা অনুযায়ী আন্তর্জাতিক ফ্লাইটের জন্য জেট ফুয়েলের মূল্য নির্ধারণ করা হতো (সংলগ্নী-৪)। বিইআরসি কর্তৃক জেট এ-১ এর মূল্য নির্ধারণ করা হলে উক্ত চুক্তিপত্রের কার্যকারিতা আর থাকবে না মর্মে প্রতীয়মান হয়।

৭। জেট ফুয়েলের মূল্য নির্ধারণে প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:

| আমদানিকৃত জেট ফুয়েল (মা.ড./ব্যারেল) | | ফর্মুলা অনুযায়ী বিপিসি'র প্রাইসিং | | বর্তমান মূল্য | | প্রস্তাবিত মূল্য | |
|---|---|---|---|---|---|---|---|
| প্ল্যাটস প্রাইস ডিসেম্বর'২৪ | গড় প্রিমিয়াম | অভ্যন্তরীণ ফ্লাইট (টাকা/লিটার) | আন্তর্জাতিক ফ্লাইট (মা.ড./লিটার) | অভ্যন্তরীণ ফ্লাইট (টাকা/লিটার) | আন্তর্জাতিক ফ্লাইট (মা.ড./লিটার) | অভ্যন্তরীণ ফ্লাইট (টাকা/লিটার) | আন্তর্জাতিক ফ্লাইট (মা.ড./লিটার) |
| ৮৫.৪৭ | ১০.৮৬ | ১১০.৭২ | ০.৭২৭ | ১১১.০০ | ০.৭৫ | ১১১.০০ | ০.৭৩ |

বি:দ্র: ১) ট্যারিফ ভ্যালুতে হিসাব করা হয়েছে; ইনভয়েস ভ্যালুতে হিসাব করলে কস্টিং বাড়বে।
২) আন্তর্জাতিক ফ্লাইটের ক্ষেত্রে দশমিকের পর দুইঘর এবং অভ্যন্তরীণ ফ্লাইটের ক্ষেত্রে রাউন্ড করা হয়।
৩) দেশে জেট এ-১ এর মজুদ বিবেচনায় আন্তর্জাতিক ফ্লাইটে জেট এ-১ এর মূল্য কস্টিং থেকে বেশিও রাখা হয়।

৮। উল্লেখ্য, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম দেশী/বিদেশী এয়ারলাইন্সসমূহের উড়োজাহাজে আন্তর্জাতিক ফ্লাইটে সরবরাহকৃত ডিউটি ফ্রি (শুল্ক ও মূসকমুক্ত) জেট এ-১ এর বিপরীতে মূসক বাবদ প্রায় ১,৪১১.৯২ কোটি টাকা দাবী করে (দাবিনামা নং-১১/২০২১ তারিখ:২৫/০৫/২০২১)। কিন্তু এক্ষেত্রে কোন ধরণের শুল্ক-করাদি/ভ্যাট প্রযোজ্য হবে না বিধায় ভ্যাট দাবীনামা প্রত্যাহারের ব্যবস্থা গ্রহণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে গত ৩০/১২/২০২১ তারিখে এনবিআর বরাবরে পত্র প্রেরণ করা হয়। সম্প্রতি পুনরায় এ বিষয়ে গত ১০/০৭/২০২৪ তারিখের স্মারকমূলে জ্বাখসবি বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে (সংলগ্নী-৫)। বিষয়টি অদ্যাবধি অনিষ্পন্ন অবস্থায় রয়েছে।

৯। উল্লেখ্য, পিওসিএল কর্তৃক দেশী-বিদেশী এয়ারলাইন্সসমূহের নিকট থেকে আন্তর্জাতিক ফ্লাইটের জেট এ-১ বিক্রয়ে কোন শুল্ক ও মূসক আদায় করা হয় না। যদি আন্তর্জাতিক ফ্লাইটের জেট এ-১ এর ক্ষেত্রে নিয়মবহির্ভূতভাবে শুল্ক ও মূসক আদায় করা হয়, সে ক্ষেত্রে এয়ারলাইন্সসমূহ দেশে বিমান পরিচালনা বন্ধ করে দিতে পারে এবং অস্থিতিশীল পরিস্থিতি তৈরি হতে পারে। তাই কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম কর্তৃক আন্তর্জাতিক ফ্লাইটের জেট এ-১ এর বিপরীতে দাবীকৃত মূসক পরিশোধের সুযোগ নেই।

<u>ফার্নেস অয়েল:</u>

১০। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২৪/০৬/২০২০ তারিখের স্মারক নং-২৮.০০.০০০০.২৬.৯৯.০০১.১৭.২৩ মূলে বিপিসি বোর্ডের অনুমোদনক্রমে কার্যকরের শর্তে ফার্নেস অয়েলের বিক্রয় মূল্য নির্ধারণের ক্ষমতা বিপিসি-কে অর্পণ করা হয় (সংলগ্নী-৬)। উক্ত নির্দেশনামতে বিপিসি কর্তৃক ফার্নেস অয়েলের বিক্রয়মূল্য সময়ে সময়ে পুনর্নির্ধারণ করা হয়।

১১। দেশে জ্বালানি তেল আমদানির পাশাপাশি ইস্টার্ণ রিফাইনারি লিঃ-এ ক্রুড অয়েল পরিশোধন করে ডিজেল, ফার্নেস অয়েলসহ বিভিন্ন গ্রেডের পণ্য উৎপাদনপূর্বক চাহিদা পূরণ করা হয়। ইআরএল-এ প্রতি মাসে গড়ে মোট প্রায় ৩০/৩৫ হাজার মে. টন ফার্নেস অয়েল উৎপাদিত হয়, যা মোট উৎপাদনের শতকরা প্রায় ৩০ ভাগ। উক্ত ফার্নেস অয়েল এর অতিরিক্ত চাহিদা প্রয়োজন মোতাবেক বিপিসি কর্তৃক আমদানির মাধ্যমে পূরণ করা হয়।

১২। ফার্নেস অয়েল এর মূল্য নির্ধারনের ক্ষেত্রে পূর্ববর্তী মাসের ফার্নেস অয়েল এর গড় আন্তর্জাতিক বাজার দর (Platts) ও বিপিসি'র আমদানিকৃত ক্রুড অয়েলের মূল্যকে ভিত্তি হিসেবে বিবেচনা করা হয়। আন্তর্জাতিক বাজার থেকে ফার্নেস অয়েল আমদানির ক্ষেত্রে বিপিসিকে প্ল্যাটস অনুযায়ী ফার্নেস অয়েল এর মূল্য, প্রিমিয়াম, ডিউটি, ভ্যাট, এটি, এআইটি, নদী শুল্ক, হ্যান্ডলিং কমিশন, এলসি কমিশন, সার্ভে ফি ইত্যাদি পরিশোধ করতে হয়। এছাড়াও ফার্নেস অয়েল এর অপারেশন লস, ডিপো পরিবহন খরচ, ডিপো ট্রানজিট লস, ফাইন্যান্সিং চার্জ, এডমিনিস্ট্রেটিভ খরচ, উন্নয়ন তহবিল, বিপণন কোম্পানির কমিশন এবং ব্যবসায়ী পর্যায় মূসক অন্তর্ভুক্ত হয়। ইআরএল এ উৎপাদিত ফার্নেস অয়েলের ক্ষেত্রে আমদানি পর্যায়ের ব্যয়সহ প্রসেসিং খরচ ও প্রসেসলস অন্তর্ভুক্ত হয় (ফার্নেস অয়েল এর বিস্তারিত প্রাইসিং ফর্মুলা সংলগ্নী-৭)

১৩। ফার্নেস অয়েলের মূল্য নির্ধারণে প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:

| মাস | আমদানিকৃত ফার্নেস অয়েল | | | গড় (টাকা/লিটার) |
|---|---|---|---|---|
| | প্ল্যাটস (মা.ড./ মে.টন) | গড় প্রিমিয়াম (মা.ড./ মে.টন) | কস্টিং (টাকা/লিটার) | |
| অক্টোবর'২৪ | ৪৫৮.৪৪ | ৪৬.৭১ | ৮৫.০২ | ৮৪.৬৭ |
| নভেম্বর'২৪ | ৪৫৪.৪৮ | ৪৬.৭১ | ৮৪.৪৫ | |
| ডিসেম্বর'২৪ | ৪৪৬.০৫ | ৪৬.৭১ | ৮৪.৫৪ | |

| মাস | মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটির ফর্মুলা অনুযায়ী ক্রুড অয়েল থেকে উৎপাদিত ফার্নেস অয়েল | | | |
|---|---|---|---|---|
| | এফওবি মূল্য (মা.ড./ব্যারেল) | জাহাজ ভাড়া, লাইটারেজ (মা.ড./ব্যারেল) | কস্টিং (টাকা/লিটার) | গড় (টাকা/লিটার) |
| অক্টোবর'২৪ | ৭৫.৫০৩ | ৮.০৯৭ | ৮৫.৫০ | ৮৫.৭২ |
| নভেম্বর'২৪ ১ম | ৭৭.৯৪ | ৭.৬৮৫ | ৮৭.৩১ | |
| নভেম্বর'২৪ ২য় | ৭৪.৭৪ | ৮.২০৬ | ৮৪.৯২ | |
| ডিসেম্বর'২৪ | ৭৩.৪১ | ৮.৩৮৫ | ৮৫.১৪ | |

(টাকা/লিটার)

| আমদানিকৃত ফার্নেস অয়েলের গড় কস্টিং | ক্রুড অয়েল থেকে উৎপাদিত ফার্নেস অয়েলের গড় কস্টিং | গড় | বর্তমান মূল্য | প্রস্তাবিত মূল্য |
|---|---|---|---|---|
| ৮৪.৬৭ | ৮৫.৭২ | ৮৫.২০ | ৮৬.০০ | ৮৫.০০ |

বি:দ্র: ট্যারিফ ভ্যালুতে হিসাব করা হয়েছে; ইনভয়েস ভ্যালুতে হিসাব করলে কস্টিং বাড়বে।

১৪। উল্লেখ্য যে, জ্বালানি তেলের সাথে শুল্ক-করাদির নিবিড় সম্পর্ক রয়েছে। বিপিসি'র প্রতিষ্ঠালগ্ন থেকে ট্যারিফ ভ্যালুর উপর ভিত্তি করে শুল্ক-করাদি পরিশোধ করা হচ্ছে। মার্চ ২০২৩ থেকে এ বিষয়ে জটিলতা তৈরি হয়েছে এবং এনবিআর/কাস্টমস কর্তৃপক্ষ ইনভয়েস ভ্যালুতে শুল্ক-করাদি পরিশোধের জন্য মার্চ ২০২৩ থেকে দাবীনামা পেশ করছে। এ বিষয়ে জটিলতা নিরসনে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে জাতীয় রাজস্ব বোর্ড বরাবর একাধিকবার পত্র প্রেরণ করা হয়। বিষয়টি অদ্যাবধি অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। উল্লেখ্য, ট্যারিফ ভ্যালুতে শুল্কায়ন বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ ১৯/০৮/২০১৪ তারিখের সিদ্ধান্ত এবং এনবিআর এর ২৫/০৮/২০১৪ তারিখের নির্দেশনা রয়েছে (সংলগ্নী-৮)। রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান হিসেবে জ্বালানি তেল আমদানির ক্ষমতা শুধুমাত্র বিপিসি'র আওতায় থাকার কারণে দীর্ঘদিন আইনের বিধান থাকা সত্ত্বেও ট্যারিফ ভ্যালুতে শুল্কায়ন বিষয়ে বড় ধরণের কোন সমস্যা হয়নি। সরকার/বিপিসি কর্তৃক যেহেতু জ্বালানি তেলের মূল্য নির্ধারণের ক্ষেত্রে ট্যারিফ ভ্যালুর ভিত্তিতে ব্যয় নিরুপনপূর্বক মূল্য সমন্বয় করা হয়। সেহেতু বিপিসি কর্তৃক ইনভয়েস ভ্যালুতে শুল্ক-কর পরিশোধের সুযোগ নেই। বিইআরসি কর্তৃক ফার্নেস অয়েল ও জেট ফুয়েলের মূল্য ইনভয়েস ভ্যালুর ভিত্তিতে নিরুপনপূর্বক মূল্য সমন্বয় করা হলে, সেক্ষেত্রে ইনভয়েস ভ্যালুতে শুল্ক-কর পরিশোধ করতে বিপিসি'র আপত্তি থাকবে না। তবে সেটি যেদিন থেকে ইনভয়েস ভ্যালুতে মূল্য নির্ধারণ করা হবে সেদিন থেকে কার্যকর করতে হবে এবং ডিজেল, অকটেনসহ সবগুলি পণ্যের জন্য সমন্বিত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

১৫। **প্রস্তাব:** জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের গত ১৫.০৯.২০২৪ তারিখের স্মারকের নির্দেশনার পরিপ্রেক্ষিতে বিপিসি'র মূল্য নির্ধারণ কমিটির সুপারিশের আলোকে জেট এ-১ (এভিয়েশন ফুয়েল) ও ফার্নেস অয়েল এর বিক্রয়মূল্য নির্ধারণের প্রস্তাব নিম্নরূপ:

**(ক) জেট এ-১ (আন্তর্জাতিক ফ্লাইট):** দেশী/বিদেশী সকল এয়ারলাইন্সের উড়োজাহাজে আন্তর্জাতিক ফ্লাইটের জন্য ডিউটি ফ্রি (শুল্ক ও মুসকমুক্ত) জেট এ-১ এর বিক্রয়মূল্য প্রতি লিটার ০.৭৩ মার্কিন ডলারে নির্ধারণ করা যেতে পারে।

**(খ) জেট এ-১ (অভ্যন্তরীণ ফ্লাইট):** অভ্যন্তরীণ ফ্লাইটের জন্য শুল্ক ও মুসকযুক্ত জেট এ-১ এর বিক্রয়মূল্য প্রতি লিটার ১১১.০০ টাকায় নির্ধারণ করা যেতে পারে।

**(গ) ফার্নেস অয়েল:** আমদানিকৃত ও ক্রুড অয়েল থেকে উৎপাদিত ফার্নেস অয়েলের গড় কস্টিং বিবেচনায় ফার্নেস অয়েল এর বিক্রয়মূল্য প্রতি লিটার ৮৫.০০ টাকায় নির্ধারণ করা যেতে পারে।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
চট্টগ্রাম।

তারিখ: ০৫-০১-২০২৬

বিষয়: জেট এ-১ (এভিয়েশন ফুয়েল) এবং ফার্নেস অয়েল এর বিক্রয়মূল্য নির্ধারণ সংক্রান্ত সারসংক্ষেপ।

**জেট এ-১:**

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর পক্ষে পদ্মা অয়েল কোম্পানী লিঃ (পিওসিএল) দেশের সকল আন্তর্জাতিক বিমান বন্দর ও অভ্যন্তরীণ বিমানবন্দরে দেশী-বিদেশী বিভিন্ন এয়ারলাইন্সসমূহের উড়োজাহাজে নিরবচ্ছিন্নভাবে জ্বালানি তেল (জেট এ-১) সরবরাহ করে আসছে। দেশে সরবরাহকৃত জেট এ-১ এর প্রায় ৯০% আন্তর্জাতিক ফ্লাইটে এবং ১০% অভ্যন্তরীণ ফ্লাইটে ব্যবহার হয়ে থাকে। সাধারণত জেট এ-১ এর মূল্য নিম্নোক্ত দু'ভাবে নির্ধারণ করা হয়:

ক) আন্তর্জাতিক ফ্লাইটের জন্য ডিউটি ফ্রি (শুল্ক ও মূসকমুক্ত) বিক্রয়মূল্য; এবং
খ) অভ্যন্তরীণ ফ্লাইটের জন্য ডিউটি পেইড (শুল্ক ও মূসকসহ) বিক্রয়মূল্য।

০২। সরকার স্মারক নং-২৮.০০.০০০০.০২৬.৩৫.০০১.১৮.৫৭৪, তারিখ: ১৫.০৯.২০২৪ মূলে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) এর মাধ্যমে জেট ফুয়েল ও ফার্নেস অয়েলের মূল্য নির্ধারণের নির্দেশনা প্রদান করে (**সংলগ্নী-১**)। উক্ত নির্দেশনা অনুযায়ী বিইআরসি গত ০৭ ডিসেম্বর, ২০২৫ তারিখে শুনানী করে জেট এ-১ (এভিয়েশন ফুয়েল) এর বিক্রয়মূল্য অভ্যন্তরীণ ফ্লাইটের জন্য ১০৪.৬১ টাকা/লিটার এবং আন্তর্জাতিক ফ্লাইটের জন্য ০.৬৮৭৫ মা.ডলার/লিটার নির্ধারণ করে।

০৩। বিইআরসি কর্তৃক ১৪ জুলাই ২০২৫ তারিখে জেট এ-১ এর মূল্য নির্ধারণের প্রাক্কালে কমিশনের কার্যালয়ে অনুষ্ঠিত শুনানিতে জেট এ-১ এর মূল্যের সাথে উপস্থাপিত কস্ট কম্পোনেন্টসমূহ বাস্তবতার নিরীখে পুনঃনির্ধারণের বিষয়ে অনুরোধ করা হলে কমিশন তা বিবেচনার আশ্বাস প্রদান করেন। কমিশনের আশ্বাসের পরিপ্রেক্ষিতে বিপিসি'র পর্যবেক্ষণ/মতামত গত ২২/০৭/২০২৫ তারিখের স্মারকমূলে বিইআরসি বরাবরে প্রেরণ করা হয়েছে (**সংলগ্নী-২**), যা জেট এ-১ এর মূল্য পুনঃনির্ধারণের ক্ষেত্রে বিবেচনায় নেয়া প্রয়োজন।

০৪। সাধারণত জেট এ-১ এর মূল্য নির্ধারনের ক্ষেত্রে পূর্ববর্তী মাসে জেট এ-১ এর গড় আন্তর্জাতিক বাজার দর (Platts) কে ভিত্তি হিসেবে বিবেচনা করা হয়। আন্তর্জাতিক বাজার থেকে জেট এ-১ আমদানির ক্ষেত্রে বিপিসিকে প্ল্যাটস অনুযায়ী জেট এ-১ এর মূল্য, প্রিমিয়াম, ডিউটি, ভ্যাট, এটি, এআইটি, নদী শুল্ক, হ্যান্ডলিং কমিশন, এলসি কমিশন, সার্ভে ফি ইত্যাদি পরিশোধ করতে হয়। এছাড়াও জেট এ-১ এর স্টোরেজ চার্জ, অপারেশন লস, ডিপো পরিবহন খরচ, ডিপো ট্রানজিট লস, ফাইন্যান্সিং চার্জ, এডমিনিস্ট্রেটিভ খরচ, উন্নয়ন তহবিল, বিপণন কোম্পানির কমিশন, বিমানবন্দর খরচ এবং ব্যবসায়ী পর্যায় মূসক অন্তর্ভুক্ত হয়। এ সমস্ত খরচ অন্তর্ভুক্ত করে অভ্যন্তরীণ ফ্লাইটের জন্য জেট এ-১ এর মূল্য নির্ধারণ করা হয়। তবে আন্তর্জাতিক ফ্লাইটে জেট এ-১ শুল্ক-করাদি মুক্ত বিধায় ডিউটি, ভ্যাট, এটি, এআইটি, ব্যবসায়ী পর্যায় মূসক বাদ দিয়ে আন্তর্জাতিক ফ্লাইটের জন্য জেট এ-১ এর মূল্য নির্ধারণ করা হয় (জেট এ-১ এর বিস্তারিত প্রাইসিং ফর্মুলা **সংলগ্নী-৩**)। ডিসেম্বর, ২০২৫ মাসের গড় প্ল্যাটস অনুযায়ী আন্তর্জাতিক ফ্লাইটের ক্ষেত্রে বিপিসির জেট এ-১ এর লিটার প্রতি মোট ব্যয় হয় ০.৬৭৪১ মার্কিন ডলার। বিপিসি কর্তৃক আন্তর্জাতিক বাজারমূল্য এবং ভারতের আইওসিএল কর্তৃক প্রকাশিত কলকাতা বিমানবন্দরে জেট এ-১ এর মূল্যের সাথে সামঞ্জস্য রেখে জেট এ-১ এর মূল্য নির্ধারণ করা হত। পাশাপাশি দিল্লী, মুম্বাই ও চেন্নাই এ জেট এ-১ এর মূল্যও বিবেচনায় রাখা হত। আইওসিএল এর তথ্য অনুযায়ী জানুয়ারি, ২০২৬ মাসে কলকাতায় জেট এ-১ এর আন্তর্জাতিক ফ্লাইটে শুল্কমুক্ত বিক্রয়মূল্য লিটার প্রতি ০.৮২৯ মার্কিন ডলার, দিল্লী ০.৭৯১ মার্কিন ডলার, মুম্বাই ০.৭৯১ মার্কিন ডলার ও চেন্নাই ০.৭৮৬ মার্কিন ডলার। আন্তর্জাতিক ফ্লাইটের ক্ষেত্রে বিপিসির জেট এ-১ এর লিটার প্রতি বিক্রয়মূল্য বর্তমানে ০.৬৮৭৫ মার্কিন ডলার। জেট ফুয়েলের মূল্য নির্ধারণে প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:

আন্তর্জাতিক ফ্লাইট: (মা.ডলার/লিটার)

| প্ল্যাটস প্রাইস ডিসেম্বর '২৫ (মা.ড/ব্যারেল) | গড় প্রিমিয়াম (মা.ড/ব্যারেল) | ফর্মুলা অনুযায়ী বিপিসি'র কস্টিং | বর্তমান মূল্য | বিপিসি'র প্রস্তাবিত মূল্য |
|---|---|---|---|---|
| ৮০.৮৫ | ৬.৫০ | ০.৬৭৪১ | ০.৬৮৭৫ | ০.৬৭৪১ |

বি:দ্র: দেশে জেট এ-১ এর মজুদ বিবেচনায় আন্তর্জাতিক ফ্লাইটে জেট এ-১ এর মূল্য কস্টিং থেকে বেশিও রাখা হয়।

এম, শরীফুল ইসলাম
উপ-ব্যবস্থাপক (হিসাব)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
চট্টগ্রাম।

মোছাঃ সিরাজাম মুনীরা
উপ-মহাব্যবস্থাপক (হিসাব/সাবসিডিয়ারী)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
চট্টগ্রাম।

অভ্যন্তরীণ ফ্লাইট:

টাকা/লিটার

| প্ল্যাটস প্রাইস ডিসেম্বর '২৫ (মা.ড/ব্যারেল) | গড় প্রিমিয়াম (মা.ড/ব্যারেল) | ফর্মুলা অনুযায়ী বিপিসি'র কস্টিং | বর্তমান মূল্য | বিপিসি'র প্রস্তাবিত মূল্য |
|---|---|---|---|---|
| ৮০.৮৫ | ৬.৫০ | ১০১.৮১ | ১০৪.৬১ | ১০১.৮১ |

০৫। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ স্মারক নং-২৮.০০.০০০০.০০০.০২৬.৪০.০০২৫.২০.২৯৭, তারিখ: ১৭/০৬/২০২৫ মূলে বিপিসি কর্তৃক আমদানিকৃত জ্বালানি তেলের শুল্কায়ন জুন'২৫ থেকে ইনভয়েস ভ্যালুতে নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করে (**সংলগ্নী-৪**)। বর্তমানে বিপিসি সব ধরনের জ্বালানি তেলের ক্ষেত্রে ইনভয়েস ভ্যালুতে শুল্ক-কর পরিশোধ করছে। এছাড়া বিপিসি কর্তৃক স্মারক নং-২৮.০৩.০০০০.০০০.০২৩.৪২.০০০১.২৩.৩৩, তারিখ: ১৯/০৬/২০২৫ মূলে জুন, ২০২৫ এর পূর্ববর্তী সময়ের আমদানিকৃত জ্বালানি তেলের ক্ষেত্রে ট্যারিফ ভ্যালুতে মূল্য নির্ধারণ করায় কাস্টমস কর্তৃপক্ষের ইনভয়েস ভ্যালুতে প্রদত্ত দাবীনামা (আংশিক ৩,৪৩০.৩০ কোটি টাকা যা পেন্ডিং ইনভয়েসসহ প্রায় ৮,০০০ কোটি টাকা) প্রত্যাহারের ব্যবস্থা গ্রহণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে অনুরোধ করা হয় (**সংলগ্নী-৫**)। কিন্তু জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ স্মারক নং:২৮.০০.০০০০.০৪০.১৩.০০২.২১.৪২, তারিখ: ৩০/০৬/২০২৫ মূলে জানায় যে, বিপিসি কর্তৃক আমদানিকৃত জ্বালানি তেলের শুল্কায়ন ট্যারিফ ভ্যালুর পরিবর্তে বর্তমান বাজেটে ইনভয়েস ভ্যালুর ভিত্তিতে নির্ধারণ করা হয়েছে। এক্ষেত্রে এনবিআর হতে জানা যায় যে, পূর্বের ট্যারিফ ভ্যালুতে শুল্ক প্রদান করায় যে বকেয়ার সৃষ্টি হয়েছে তা প্রত্যাহারের সুযোগ নেই বরং তা কিস্তিভিত্তিতে পরিশোধযোগ্য। অতঃপর জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ সম্ভাব্য রাজস্ব লক্ষ্যমাত্রা আহরণের জন্য এনবিআর কর্তৃক ২০২৪-২৫ অর্থ বছরের দাবীনামার আংশিক বকেয়া পূরণের লক্ষ্যে ৭০০.০০ কোটি টাকা এনবিআরকে প্রদানের নির্দেশনা প্রদান করে (**সংলগ্নী-৬**)। উক্ত নির্দেশনা ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে এবং ইনভয়েস ভ্যালুতে বকেয়া শুল্ক পরিশোধের নিমিত্ত সরকার ডিজেল, কেরোসিন, অকটেন ও পেট্রোলের মূল্য প্রজ্ঞাপনে "ইনভয়েস ভ্যালুতে বকেয়া শুল্ক পরিশোধ" খাতে লিটার প্রতি ১.০০ টাকা অন্তর্ভুক্ত করে সংশোধিত মূল্য প্রজ্ঞাপন জারি করেছে (**সংলগ্নী-৭**)। তাই জেট এ-১ সহ সব ধরণের জ্বালানি তেলের মূল্যের সাথে ইনভয়েস ভ্যালুতে বকেয়া শুল্ক বাবদ লিটার প্রতি ১.০০ টাকা পর্যায়ক্রমে সমন্বয় করা প্রয়োজন।

০৬। জেট এ-১ একটি স্পর্শকাতর পেট্রোলিয়াম পণ্য। উক্ত পণ্য মজুদের ক্ষেত্রে বিপিসি'র তথা পদ্মা অয়েল কোম্পানির সীমাবদ্ধতা রয়েছে। বিপিসি'র জেট এ-১ এর মূল্য পার্শ্ববর্তী দেশ বিশেষ করে ভারতের কলকাতার তুলনায় অত্যধিক হ্রাস পেলে বিক্রি বৃদ্ধির কারণে মজুদ সংকট দেখা দিতে পারে।

০৭। জেট এ-১ এর মূল্য হ্রাস করার কারণে সাধারণ জনগণের লাভ হয়েছে এমন কোন প্রভাব লক্ষ্য করা যাচ্ছে না। বিমানের টিকেট এর মূল্য আগের অবস্থায় আছে এবং কোন কোন ক্ষেত্রে আরও বৃদ্ধি করা হয়েছে।

০৮। **প্রস্তাব:** জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের গত ১৫.০৯.২০২৪ তারিখের স্মারকের নির্দেশনার পরিপ্রেক্ষিতে উপরোক্ত বিষয়সমূহ বিবেচনা করে বিপিসি'র মূল্য নির্ধারণ কমিটির সুপারিশের আলোকে জেট এ-১ (এভিয়েশন ফুয়েল) এর বিক্রয়মূল্য নির্ধারণের প্রস্তাব নিম্নরূপ:

(ক) আন্তর্জাতিক ফ্লাইটে ডিউটি ফ্রি (শুল্ক ও মূসকমুক্ত) বিক্রয়মূল্য: ০.৬৭৪১ মা.ডলার/লিটার এবং
(খ) অভ্যন্তরীণ ফ্লাইটে ডিউটি পেইড (শুল্ক ও মূসকসহ) বিক্রয়মূল্য: ১০১.৮১ টাকা/লিটার।

এম, শরীফুল ইসলাম
উপ-ব্যবস্থাপক (হিসাব)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
চট্টগ্রাম।

মোছাঃ সিরাজাম মুনীরা
উপ-মহাব্যবস্থাপক (হিসাব/সাবসিডিয়ারি)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
চট্টগ্রাম।

**ফার্নেস অয়েল:**

০৯। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২৪/০৬/২০২০ তারিখের স্মারক নং-২৮.০০.০০০০.২৬.৯৯.০০১.১৭.২৩ মূলে বিপিসি বোর্ডের অনুমোদনক্রমে কার্যকরের শর্তে ফার্নেস অয়েলের বিক্রয় মূল্য নির্ধারণের ক্ষমতা বিপিসি-কে অর্পণ করা হয় **(সংলগ্নী-৮)**। উক্ত নির্দেশনামতে ইতোপূর্বে বিপিসি কর্তৃক প্রতি ৩ মাস অন্তর বা প্রয়োজন অনুসারে ফার্নেস অয়েলের মূল্য নির্ধারণ করা হতো। পরবর্তীতে সরকার স্মারক নং-২৮.০০.০০০০.০২৬.৩৫.০০১.১৮.৫৭৪, তারিখ: ১৫.০৯.২০২৪ মূলে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) এর মাধ্যমে ফার্নেস অয়েলের মূল্য নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করে।

১০। দেশে জ্বালানি তেল আমদানির পাশাপাশি ইস্টার্ণ রিফাইনারি লিঃ-এ ক্রুড অয়েল পরিশোধন করে ডিজেল, ফার্নেস অয়েলসহ বিভিন্ন গ্রেডের পণ্য উৎপাদনপূর্বক চাহিদা পূরণ করা হয়। ইআরএল-এ প্রতি মাসে গড়ে মোট প্রায় ৩০/৩৫ হাজার মে. টন ফার্নেস অয়েল উৎপাদিত হয়, যা মোট উৎপাদনের শতকরা প্রায় ৩০ ভাগ। উক্ত ফার্নেস অয়েল এর অতিরিক্ত চাহিদা প্রয়োজন মোতাবেক বিপিসি কর্তৃক আমদানির মাধ্যমে পূরণ করা হয়।

১১। ফার্নেস অয়েল এর মূল্য নির্ধারনের ক্ষেত্রে পূর্ববর্তী মাসের ফার্নেস অয়েল এর গড় আন্তর্জাতিক বাজার দর (Platts) ও বিপিসি'র আমদানিকৃত ক্রুড অয়েলের মূল্যকে ভিত্তি হিসেবে বিবেচনা করা হয়। আন্তর্জাতিক বাজার থেকে ফার্নেস অয়েল আমদানির ক্ষেত্রে বিপিসিকে প্ল্যাটস অনুযায়ী ফার্নেস অয়েল এর মূল্য, প্রিমিয়াম, ডিউটি, ভ্যাট, এটি, এআইটি, নদী শুল্ক, হ্যান্ডলিং কমিশন, এলসি কমিশন, সার্ভে ফি ইত্যাদি পরিশোধ করতে হয়। এছাড়াও ফার্নেস অয়েল এর অপারেশন লস, ডিপো পরিবহন খরচ, ডিপো ট্রানজিট লস, ফাইন্যান্সিং চার্জ, এডমিনিস্ট্রেটিভ খরচ, উন্নয়ন তহবিল, বিপণন কোম্পানির কমিশন এবং ব্যবসায়ী পর্যায় মূসক অন্তর্ভুক্ত হয়। ইআরএল এ উৎপাদিত ফার্নেস অয়েলের ক্ষেত্রে আমদানি পর্যায়ের ব্যয়সহ প্রসেসিং খরচ ও প্রসেসলস অন্তর্ভুক্ত হয় **(ফার্নেস অয়েল এর বিস্তারিত প্রাইসিং ফর্মুলা সংলগ্নী-৯)**।

১২। বিগত তিন মাসে আমদানিকৃত ফার্নেস অয়েল ও ক্রুড অয়েল থেকে উৎপাদিত ফার্নেস অয়েলের কস্টিং নিম্নরূপ:

| মাস | আমদানিকৃত ফার্নেস অয়েল | | |
|---|---|---|---|
| | প্ল্যাটস (মা.ড./ব্যারেল) | কস্টিং (টাকা/লিটার) | গড় (টাকা/লিটার) |
| অক্টোবর'২৫ | ৩৮২.৬৮ | ৭৮.৫৮ | ৭৫.৯৭ |
| নভেম্বর'২৫ | ৩৫৮.৫৬ | ৭৫.৭৬ | |
| ডিসেম্বর'২৫ | ৩৪০.৯৪ | ৭৩.৫৮ | |

| মাস | ক্রুড অয়েল থেকে উৎপাদিত ফার্নেস অয়েল | | |
|---|---|---|---|
| | এফওবি (মা.ড./ব্যারেল) | মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটির ফর্মুলা অনুযায়ী | |
| | | কস্টিং (টাকা/লিটার) | গড় (টাকা/লিটার) |
| অক্টোবর'২৫ | ৭৩.২১ | ৯০.৬৪ | ৮৭.৫৮ |
| নভেম্বর'২৫ | ৭০.১০ | ৮৭.৫৭ | |
| ডিসেম্বর'২৫ | ৬৬.৬৫৭ | ৮৪.৫২ | |

আমদানিকৃত ফার্নেস অয়েল এবং ক্রুড অয়েলের মূল্য বিবেচনায় ফার্নেস অয়েলের গড় কস্টিং নিম্নরূপ:

(টাকা/লিটার)

| মাস | আমদানিকৃত ফার্নেস অয়েলের কস্টিং | ক্রুড অয়েল থেকে উৎপাদিত ফার্নেস অয়েলের কস্টিং | গড় কস্টিং |
|---|---|---|---|
| ডিসেম্বর'২৫ মাসের গড় কস্টিং | ৭৩.৫৮ | ৮৪.৫২ | ৭৯.০৫ |
| ৩ মাসের গড় কস্টিং (অক্টোবর'২৫, নভেম্বর'২৫ ও ডিসেম্বর'২৫) | ৭৫.৯৭ | ৮৭.৫৮ | ৮১.৭৮ |

এম, শরীফুল ইসলাম
উপ-ব্যবস্থাপক (হিসাব)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
চট্টগ্রাম।

মোছাঃ সিরাজাম মুনীরা
উপ-মহাব্যবস্থাপক (হিসাব/সাবসিডিয়ারি)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
চট্টগ্রাম।

১৩। উল্লেখ্য, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ আমদানিকৃত জ্বালানি তেলের শুল্কায়ন জুন, ২০২৫ থেকে ট্যারিফ ভ্যালুর পরিবর্তে ইনভয়েস ভ্যালুতে নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ১৭/০৬/২০২৫ তারিখের স্মারকমূলে বিপিসিকে নির্দেশনা প্রদান করে। সে অনুযায়ী বর্তমানে ইনভয়েস ভ্যালুতে ফার্নেস অয়েল এর মূল্য নির্ধারণের প্রস্তাব করা হয়েছে।

১৪। **প্রস্তাব:** জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের গত ১৫.০৯.২০২৪ তারিখের স্মারকের নির্দেশনার পরিপ্রেক্ষিতে বিপিসি'র মূল্য নির্ধারণ কমিটির সুপারিশের আলোকে ফার্নেস অয়েল এর বিক্রয়মূল্য লিটার প্রতি ৮১.০০ টাকায় নির্ধারণ করা যেতে পারে।

এম, শরীফুল ইসলাম
উপ-ব্যবস্থাপক (হিসাব)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
চট্টগ্রাম।

মোছাঃ সিরাজাম মুনীরা
উপ-মহাব্যবস্থাপক (হিসাব/সাবসিডিয়ারি)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
চট্টগ্রাম।

**BANGLADESH PETROLEUM CORPORATION**

BSC BHABAN, SALTGOLA ROAD, CHATTOGRAM - 4100.

## Cost Components of Petroleum Product (HSFO)
(Imported HSFO)

| SL | Particulars | Cost Components | Nature of Cost | October'25 | November'25 | December'25 |
|---|---|---|---|---|---|---|
| | Conversions | Exchange Rate | 1 US$ to BDT | 122.51 | 122.77 | 122.74 |
| | | Assessable Value (480.00 USD/MT) | USD Per Litre | 0.44 | 0.44 | 0.44 |
| | | Conversion Factor | MT to Litre | 1082 | 1082 | 1082 |
| | | Conversion Factor | BBL to Litre | 159 | 159 | 159 |
| A | Product Cost | 1. Platts Rate | USD Per MT | 382.68 | 358.56 | 340.94 |
| | | 2. Premium | USD Per MT | 40.05 | 40.05 | 40.05 |
| | | 3. C. I. F Cost (1+2) | USD Per MT | 422.73 | 398.61 | 380.99 |
| | | A: C.I.F. Cost | TK Per Litre | 47.86 | 45.23 | 43.22 |
| B | Duty, AIT & Differential VAT | Duty Tk per litre 10% | 10% | 5.435 | 5.446 | 5.445 |
| | | AIT Tk per litre 2% | 2% | 1.087 | 1.089 | 1.089 |
| | | Differential VAT (If applicable) | Import stage VAT -selling VAT | 2.390 | 2.830 | 3.150 |
| | | B: Total Duty & Taxes Per Litre in Tk | | 8.912 | 9.366 | 9.684 |
| C | Operational Expenses | Handling Commission+Jetty Throughput Charge | Tk 100.00 per MT + 15% VAT | 0.106 | 0.106 | 0.106 |
| | | River Dues Tk per litre | USD 0.443 per MT + 15% VAT | 0.0577 | 0.0578 | 0.0578 |
| | | Survey Fee Tk per litre | 450 USD per vessel for Independent surveyor + Tk 1.25 per MT for Local surveyor | 0.010 | 0.010 | 0.010 |
| | | Ocean loss Tk per litre | 0.30% on CIF price | 0.144 | 0.136 | 0.130 |
| | | L/C Commission (with VAT) Tk per litre | 0.20% on CIF price + 15% VAT | 0.210 | 0.204 | 0.199 |
| | | Allowable transit loss Tk per litre | HSFO 0.07% | 0.055 | 0.053 | 0.052 |
| | | C: Total Operational Expense Per Litre in Tk | | 0.583 | 0.567 | 0.555 |
| D | Financing, Administrative & Maintenance Expenses | Financing charges Tk per litre | 13.25% 90 days on CIF for refined | 1.585 | 1.498 | 1.432 |
| | | Administrative, maintenance & development expense | One year exp./ Total sales volume | 1.500 | 1.500 | 1.500 |
| | | D: Total Financing, administrative & maintenance Expenses | | 3.085 | 2.998 | 2.932 |
| E | BPC's Margin | 5% on A+B+C+D | | 3.022 | 2.908 | 2.819 |
| F | Total Cost | Ex-Refinery price before VAT (A+B+C+D+E) | | 63.465 | 61.067 | 59.208 |
| G | Add: VAT 15% on F | | | 9.52 | 9.16 | 8.88 |
| H | Ex-Refinery price after VAT (F+G) | | | 72.99 | 70.23 | 68.09 |
| I | Selling And Distribution Expenses | 4. Company margin, Arrear duty (NBR Claim), Development Fund(ERL Unit-2) & Freightpool | TK Per Litre (Tk 0.85+ Tk 1.00+Tk 1.00+Tk 1.20) | 4.05 | 4.05 | 4.05 |
| | | 5. Traders VAT @ 2% on (H+4) | TK Per Litre | 1.54 | 1.49 | 1.44 |
| | | I: Total Selling and Distribution Expenses (4+5) | | 5.59 | 5.54 | 5.49 |
| J | Total Costing (Tk per Litre) (H+I) | | | 78.58 | 75.76 | 73.58 |
| K | Average | | | 75.97 | | |

(Taka/Litre)

| Month | Cost of Imported HSFO | Cost of HSFO from Crude Oil | Average Cost (Import+ Crude) | Existing selling price |
|---|---|---|---|---|
| Dec'25 | 73.58 | 84.52 | 79.05 | 86.00 |
| 3 Months Average | 75.97 | 87.58 | 81.78 | |

এম, শরীফুল ইসলাম
উপ-ব্যবস্থাপক (হিসাব)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
চট্টগ্রাম।

Mst. Shirazam Munira
Deputy General Manager (Accounts/Subsidiary)
Bangladesh Petroleum Corporation
Chattogram.

## BANGLADESH PETROLEUM CORPORATION

BSC BHABAN, SALTGOLA ROAD, CHATTOGRAM - 4100.

**Statement showing HSFO costing from crude oil**

| Particulars | Oct'25 | Nov'25 | Dec'25 |
|---|---|---|---|
| 1. Exchange Rate (1 US$) | **122.51** | **122.77** | **122.77** |
| 2. Conversion Factor( MT to Litre) | 1082 | 1082 | 1082 |
| 3. Conversion Factor ( BBL to Litre) | 159.00 | 159.00 | 159.00 |
| 4. FOB price of crude oil per bbl in US$ | 73.210 | 70.100 | 66.657 |
| 5. BSC freight, lighterage & service charge | 9.261 | 9.090 | 9.462 |
| 6. C. I. F Cost Per bbl in US$ ( 4 + 5 ) | 82.47 | 79.19 | 76.12 |
| **A: C.I.F Cost Per Litre - in TK** | **63.544** | **61.146** | **58.774** |
| | | | |
| *7. Assessable Value Per Litre- in TK* | *63.54* | *61.15* | *58.77* |
| 8. Duty per litre 3% | 1.91 | 1.83 | 1.76 |
| 9. AIT 2% | 1.27 | 1.22 | 1.18 |
| 10. Differential VAT (Import stage VAT -selling VAT) | 1.89 | 1.79 | 1.68 |
| **B: Total Duties Per Litre - inTK (8+9+10)** | **5.07** | **4.85** | **4.62** |
| | | | |
| 11. Process fee | 2.00 | 2.00 | 2.00 |
| 12. CPA charge, hangling com, LC com, Insurance | *0.21* | *0.21* | *0.21* |
| 13. Financing charge | *0.97* | *0.97* | *0.97* |
| 14. Margin | *1.96* | *1.96* | *1.96* |
| **C. Production/operational cost** | **5.14** | **5.14** | **5.14** |
| | | | |
| **D : Ex-Refinery price before VAT per litre in Tk (A+B+C)** | **73.75** | **71.13** | **68.53** |
| E: VAT 15% on D | 11.06 | 10.67 | 10.28 |
| **F: Ex-Refinery price After VAT per litre in Tk (D+E)** | **84.81** | **81.80** | **78.81** |
| G: Other cost (Company margin Tk 0.85+Arrear duty(NBR claim) Tk 1.00 + Development fund (ERL Unit-2) Tk 1.00 + Freightpool 1.20) | *4.05* | *4.05* | *4.05* |
| H: Traders VAT @ 2% on (F+G) | 1.78 | 1.72 | 1.66 |
| **I: Total Costing** | **90.64** | **87.57** | **84.52** |

| | |
|---|---|
| **Average** | **87.58** |

এম, শরীফুল ইসলাম
উপ-ব্যবস্থাপক (হিসাব)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
চট্টগ্রাম।

Mst. Shirazam Munira
Deputy General Manager (Accounts/Subsidiary)
Bangladesh Petroleum Corporation
Chattogram.